কৃতি সাতারুরা কুষ্টিয়ার মান উজ্জল করেছে -এমপি হানিফ

বাংলাদেশ আওয়ামীলীগের যুগ্ম সাধারন সম্পাদক ও কুষ্টিয়া ৩ সদর আসনের সংসদ সদস্য মাহবুব উল আলম হানিফ এমপি বলেছেন, কৃতি সাতারুরা কুষ্টিয়ার মান উজ্জল করেছে।

তিনি বলেন, বাংলাদেশের এখনো বেশির ভাগ সাঁতারু জোগান দিয়ে যাচ্ছে কুষ্টিয়া জেলার মিরপুর উপজেলার আমলা। তাঁদের পরে বাংলাদেশের হয়ে প্রতিনিধিত্ব করেছেন সবুরা খাতুন, মেরিনা, জুয়েল রানা ও রুবেল রানার মতো সাঁতারুরা। যাঁদের প্রায় সবাই উঠে এসেছেন কুষ্টিয়া জেলার মিরপুর উপজেলার আমলা থেকে। এই আমলা এলাকার কৃতি সাতারুরা দেশের মান উজ্জল করেছে। আমিও চাই সকল খেলাধুলায়ও তারা নৈপুন্যতা দেখাক।

আজ মঙ্গলবার দুপুরে কুষ্টিয়া শহরের পিটিআই রোডের এমপির বাসভবনে আন্ত:স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষাবোর্ড জাতীয় সাঁতার প্রতিযোগিতায় কুষ্টিয়ার মিরপুরের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ছেলে মেয়েরা মোট ২২টি ইভেন্টের মধ্যে ১৬ ইভেন্টে প্রথম হয়ে জাতীয় পর্যায়ে সাতার প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করায় শুভেচ্ছা বিনিময়কালে তিনি একথা বলেন।

তিনি আরও বলেন, সাঁতারুদের এই সাফল্যের কারণে কুষ্টিয়াবাসীর দীর্ঘদিনের দাবি ছিল কুষ্টিয়ায় একটি আধুনিক মানের সুইমিং পুল নির্মাণের। আর এই দাবির প্রতি সম্মান রেখে বর্তমান সরকার কুষ্টিয়ায় একটি আধুনিক সুইমিং পুল নির্মাণ করে, যেখানে চমৎকার আবাসন সুবিধা রয়েছে, যা একটি পূর্ণাঙ্গ সাঁতার একাডেমিসহ বিভিন্ন বয়সভিত্তিক সাঁতারুদের নিয়ে প্রশিক্ষণ পরিচালনা করা সম্ভব।

পরে সাঁতারু, কোচ ও প্রশিক্ষক বাংলাদেশ আওয়ামীলীগের যুগ্ম সাধারন সম্পাদক ও কুষ্টিয়া ৩ সদর আসনের সংসদ সদস্য মাহবুব উল আলম হানিফ এমপির সাথে শুভেচ্ছা বিনিময় করেন।

এসময় মিরপুর উপজেলা পরিষদের চেয়ারম্যান ও উপজেলা আওয়ামীলীগের সাধারন সম্পাদক কামারুল আরেফীন, মিরপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) জহুরুল ইসলাম, বাংলাদেশ আনসার-ভিডিপির সাঁতার দলের কোচ আমিরুল ইসলাম, মিরপুর উপজেলা পরিষদের মহিলা ভাইস

চেয়ারম্যান মর্জিনা খাতুনসহ সংশ্লিষ্টরা উপন্থিত ছিলেন।

মিরপুর উপজেলা পরিষদের চেয়ারম্যান কামারুল আরেফীন বলেন, কুষ্টিয়ার আমলা ক্রীড়াঙ্গনে দারুণ পরিচিতি পেয়েছে সাঁতারের কারণে। কুষ্টিয়ার এই গ্রাম থেকে অনেক নামকরা সাঁতারু উঠে এসেছেন এবং এখনো সেই পাইপলাইনটা সচল আছে। নানা সমস্যার সম্মুখিন হয়েও আমলার সাঁতারুরা সাফল্য অর্জন করেছে। জাতীয় সাঁতার প্রতিযোগিতায় আমার উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা ২২টি ইভেন্টের মধ্যে ১৬ ইভেন্টে চ্যাম্পিয়ান হওয়ার গৌরব অর্জন করেছে জেনে আমি ভীষণ আনন্দিত। আগামীতে এই উপজেলা থেকে আরও ভালো কিছু করুক সেই প্রত্যাশা ব্যক্ত করেন তিনি।

বাংলাদেশ আনসার-ভিডিপির সাঁতার দলের কোচ আমিরুল ইসলাম বলেন, একেবারে নিজের চেষ্টা, আগ্রহে তিনি কোচ হয়েছেন। আন্তস্কুল, আন্তজেলা হয়ে জাতীয় পর্যায়েও সাঁতারে অংশ নিয়েছিলেন; কিন্তু সাফল্য পায়নি। আবার মায়াও কাটাতে পারিনি এই অঙ্গনের, সে কারণেই কোচ হয়ে থেকে যাওয়া। ‘খেলোয়াড়ি জীবনে সাফল্য না পেলেও কোচ হয়ে যদি পারি এ ভাবনাটাও মনের মধ্যে ছিলো বলেও আজও সাঁতার সাঁতার বলে নিজেকে ব্যস্ত রাখার চেষ্টা করি।

এবারের বিশ্বকাপে বল হাতে সেরাদের তালিকায় ‘সাকিব’

সাকিব আল হাসান। ২০০৬ সালে জিম্বাবুয়ের হারারেতে বাংলাদেশের ক্রিকেটে অভিষেক হয় তার। এর পর থেকেই দ্যুতি ছড়িয়ে যাচ্ছেন টাইগার এই অলরাউন্ডার। এ সময় দেশের ক্রিকেটে কিংবা আন্তর্জাতিক ক্রিকেটে বল হাতে কিংবা ব্যাটিংয়ের মাধ্যমে কোনো না কোনো রেকর্ড নিজের নামে লিখে নেন। তাই ভক্তদের কাছে তিনি ‘রেকর্ড আল হাসান’ নামেও বেশ পরিচিত। টাইগার এই বাঁহাতি স্পিন অলরাউন্ডার আন্তর্জাতিক ক্রিকেট সংস্থার (আইসিসি) তালিকায় নাম লিখিয়ে ফেলেছেন, সম্প্রতি যা প্রকাশ্যে এনেছে সংস্থাটি। মূলত আসন্ন বিশ্বকাপের ১৩তম আসর মাঠে গড়াবে বৃহস্পতিবার থেকে। এর আগে গতকাল

[illegible]

[illegible]

[illegible]

[illegible]


TIM SOUTHEE
34
MOHAMMED SHAMI
31
INDIA
TRENT BOULT
39
NEW ZEALAND
AUSTRALIA
SHAKIB AL HASAN
34
MITCHELL STARC
49
MOST
CRICKET WORLD CUP
WICKETS

[illegible]

বিশ্বকাপে মোট ১৯ ম্যাচে ৩৯ উইকেট নিয়ে এই তালিকায় ২ নম্বরে আছেন ট্রেন্ট বোল্ট। কিউই বোলারদের মধ্যে বিশ্বকাপে সর্বোচ্চ উইকেটও তার, যার মধ্যে নিজের প্রথম বিশ্বকাপে স্টার্কের সঙ্গে ২২ উইকেট নিয়ে যৌথ সর্বোচ্চ উইকেট শিকারি ছিলেন বোল্ট। গত বিশ্বকাপে অস্ট্রেলিয়ার বিপক্ষে করেছেন হ্যাটট্রিক।

সাকিব আল হাসান (৩৪ উইকেট)

এই তালিকায় তৃতীয় অবস্থানে রয়েছেন বাংলাদেশের সেরা অলরাউন্ডার সাকিব আল হাসান। টাইগার এই অলরাউন্ডারের সেরা সময় কেটেছে ২০১৯ বিশ্বকাপে। ইংল্যান্ডে অনুষ্ঠিত হওয়া সেই বিশ্বকাপে ব্যাটে-বলে অলরাউন্ড পারফরম্যান্স করেছেন তিনি। বোলিংয়ে নিয়েছেন ১১ উইকেট, যার মধ্যে আফগানিস্তানের বিপক্ষে নিয়েছেন ৫ উইকেট। প্রথম বাংলাদেশি বোলার হিসেবে এক ইনিংসে ৫ উইকেট নেওয়ার কীর্তি গড়েন তিনি। ২০১১ ও ২০১৫—এ দুই বিশ্বকাপে আটটি করে উইকেট নিয়েছেন সাকিব। আর ২০০৭ বিশ্বকাপে নিয়েছেন ৭ উইকেট। এটি তার পঞ্চম বিশ্বকাপ।

টিম সাউদি (৩৪ উইকেট)

সাকিবের সঙ্গে সমান উইকেট শিকার করে তালিকার তৃতীয় স্থানে যৌথভাবে রয়েছেন টিম সাউদি। তবে সাউদি আর সাকিবের প্রতিযোগিতা শুধু এখানে নয়, আন্তর্জাতিক টি-টোয়েন্টিতেও চলছে। উইকেট নিয়ে কখনো এগিয়ে যান সাকিব, আবার তাকে টপকে শীর্ষে উঠে যান সাউদি। ২০১৫ বিশ্বকাপে ইংল্যান্ডের বিপক্ষে ৩৩ রান দিয়ে নিয়েছেন ৭ উইকেট, যা বিশ্বকাপে নিউজিল্যান্ডের বোলারদের মধ্যে সেরা বোলিং। ২০১১ সালে নিজের প্রথম বিশ্বকাপ খেলেছিলেন কিউই এই ডানহাতি পেস বোলার।

মোহাম্মদ শামি (৩১ উইকেট)

এদিকে এবারের আসরে সেরা পাঁচ বোলারের মধ্যে রয়েছেন ভারতীয় ডানহাতি পেসার মোহাম্মদ শামি। এছাড়া ভারতের বোলারদের মধ্যে বিশ্বকাপে যৌথভাবে দ্বিতীয় সর্বোচ্চ উইকেট মোহাম্মদ শামির। আর এখন পর্যন্ত খেলা ভারতীয় বোলারদের মধ্যে বিশ্বকাপে সর্বোচ্চ উইকেট শিকারি তিনি। দেশটির হয়ে ২০১৩ সালে অভিষেক হওয়ার পর এখন পর্যন্ত দলের হয়ে খেলেছেন দুটি বিশ্বকাপ (২০১৫-২০১৯)। এ সময় ১১ ম্যাচে হাত ঘুরিয়ে ৪৮৭ রানের খরচায় উইকেট নিয়েছেন ৩১টি। এছাড়া সবশেষ বিশ্বকাপে আফগানিস্তানের বিপক্ষে হ্যাটট্রিক করেছেন এই

আতহার আলীসহ তারকাবহুল বিশ্বকাপের ধারাভাষ্য প্যানেল

ভারতের আহমেদাবাদের নরেন্দ্র মোদি স্টেডিয়ামে নিউজিল্যান্ড ও ইংল্যান্ডের মধ্যকার ম্যাচ দিয়ে আগামী ৫ অক্টোবর ওয়ানডে বিশ্বকাপের ১৩তম আসরের পর্দা উঠতে যাচ্ছে। আর তার আগে গত পরশু এই আসরের ধারাভাষ্য প্যানেল প্রকাশ্যে এনেছে আন্তর্জাতিক ক্রিকেট কাউন্সিল (আইসিসি), যেখানে রয়েছে বাংলাদেশের জনপ্রিয় ধারাভাষ্যকার আতহার আলী খানসহ ১৬ জন তারকা ধারাভাষ্যকারের নাম।

শুক্রবার আইসিসির ধারভাষ্য প্যানেলের প্রকাশিত তালিকা অনুসারে যাদের নাম রয়েছে তারা হলেন—নাসের হুসেন, ইয়ান স্মিথ, ইয়ান বিশপ, ওয়াকার ইউনুস, শন পোলক, আঞ্জুম চোপড়া, মাইকেল আথারটন, সাইমন ডল, এমপুমেলো এমবাংওয়া, সঞ্জয় মাঞ্জরেকার, কেটি মার্টিন, দিনেশ কার্তিক, ডার্ক নানেস, স্যামুয়েল বদ্রি, আতহার আলী খান ও রাসেল আর্নল্ডের মতো তারকারা।

এদিকে এবারের বিশ্বকাপ আসরে আইসিসি টিভির আয়োজনে থাকছে ম্যাচ-পূর্ববর্তী আলোচনা, প্রথম ইনিংস শেষে আলোচনা এবং ম্যাচ শেষের পর্যালোচনা। এসব আয়োজনের সঙ্গী হচ্ছেন অস্ট্রেলিয়ার সাবেক অধিনায়ক রিকি পন্টিং এবং ইংল্যান্ডের সাবেক অধিনায়ক ইয়ন মরগান। এছাড়া তাদের সঙ্গে আরও থাকছেন শেন ওয়াটসন, লিসা স্থালেকার, রমিজ রাজা, রবি শাস্ত্রী, অ্যারন ফিঞ্চ, সুনীল গাভাস্কার ও ম্যাথু হেইডেন।

চুয়াডাঙ্গায় জেলা পুলিশের আন্তঃইউনিট ফুটবল টুর্নামেন্ট; ফাইনাল খেলা অনুষ্ঠিত

চুয়াডাঙ্গায় জেলা পুলিশের আয়োজনে মিনিস্টার গ্রুপের সহায়তায় পুলিশ সুপার কাপ আন্তঃইউনিট ফুটবল টুর্নামেন্ট ২০২৩-এর ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়েছে।

আজ শনিবার বিকাল চারটার সময় পুলিশ লাইন্স একাদশ বনাম পুলিশ অফিস একাদশের মধ্যে অনুষ্ঠিত হয়।

উক্ত খেলায় পুলিশ লাইন্স একাদশ ১-০ গোলে জয় লাভ করে।উক্ত আয়োজনে চুয়াডাঙ্গা জেলা পুলিশের পুলিশ সুপার আব্দুল্লাহ্ আল-মামুনের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক ড. কিসিঞ্জার চাকমা। এ সময় তিনি সফল ভাবে টুর্নামেন্ট শেষ করার জন্য এবং খেলাধুলার প্রতি বিশেষ দৃষ্টি দেওয়ার জন্য পুলিশ সুপারকে ধন্যবাদ দেন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মিসেস পুলিশ সুপার ও সভানেত্রী পুনাক ফরিদা ইয়াসমিন, চুয়াডাঙ্গা অতিরিক্ত পুলিশ সুপার (অর্থ ও প্রশাসন) মোঃ রিয়াজুল ইসলাম, সহ-সভানেত্রী (পুনাক) নাহিদা আক্তার, অতিরিক্ত পুলিশ সুপার (ক্রাইম অ্যান্ড অপস্) মোঃ নাজিম উদ্দীন আল আজাদ পিপিএম সহ জেলা পুলিশের বিভিন্ন পদমর্যাদার অফিসার-ফোর্স ও সদস্যবৃন্দ।

ফরাসি ক্লাব ফুটবলারের আত্মহত্যার চেষ্টা

ফরাসি ক্লাব নিসের ফুটবলার অ্যালেক্সিস বেকা বেকাকে নিয়ে শুক্রবার (২৯ সেপ্টেম্বর) বিকেল থেকেই আলোচনা তুঙ্গে উঠেছে। তবে

ফুটবলকে কেন্দ্র করে নয়; আত্মহত্যার চেষ্টা করতে গিয়েই আলোচনায় এসেছেন তিনি। ২২ বছর বয়সের এই ফুটবলার ফ্রান্সের মাগনঁ সেতুতে উঠে আত্মহত্যার হুমকি দিয়ে বসেন।

এ খবর পেয়ে ঘটনাস্থলে উপস্থিত হন পুলিশ ও মনোরোগ বিশেষজ্ঞ। নিজেদের মধ্যে কয়েক ঘণ্টা আলোচনার পর আত্মহত্যা করা থেকে বিরত করেন বেকা বেকাকে। পরে দমকল বাহিনীর সাহায্যে তাকে উদ্ধার করে নিয়ে যাওয়া হয় নিরাপদ জায়গায়। খবর স্পোর্টস টাইগার, স্পোর্টস কিডার।

বেকা বেকার আত্মহত্যা করতে যাওয়ার কারণ হিসেবে ফরাসি সংবাদমাধ্যমগুলোর খবরে বলা হয়েছে, প্রেমিকার সঙ্গে সম্পর্ক ভেঙে যাওয়ায় আত্মহত্যা করতে যান এই ফুটবলার। তবে এ দাবি অস্বীকার করেছেন তার প্রতিনিধি। তিনি জানিয়েছেন, নিসের উত্তর-দক্ষিণাঞ্চলে অবস্থিত মাগনঁ ভায়াডাক্ট থেকে লাফ দিয়ে আত্মহত্যার হুমকি দেন বেকা বেকা। উল্লেখ্য, সেতুটি ভূপৃষ্ঠ থেকে ১০০ মিটার উঁচুতে নির্মিত। উদ্ভূত পরিস্থিতিতে ঘটনাস্থলের ছয় কিলোমিটার জুড়ে সৃষ্টি হয়েছিল দীর্ঘ যানজট।

এদিকে বেকা বেকার লাফ দেওয়ার হুমকির খবর ছড়িয়ে পড়ার পর ক্লাবজুড়ে তৈরি হয় আতঙ্ক। ঘটনার আকস্মিকতায় বাতিল করা হয়েছে ক্লাবের কোচ ফ্রান্সেসকো ফারিওলির ম্যাচপূর্ব সংবাদ সম্মেলনও। ফরাসি সংবাদমাধ্যম ইনস্ট্যান্ট ফুটকে দেওয়া সাক্ষাৎকারে বেকা বেকার প্রতিনিধি বলেন, ‘সম্পর্ক ভেঙে যাওয়ার যে কারণের কথা বলা হচ্ছে, তা মিথ্যা। এ ঘটনার সঙ্গে এমন কোনো সম্পর্ক নেই।’

‘সম্পর্ক ভেঙে যাওয়ার যে কারণের কথা বলা হচ্ছে, তা মিথ্যা। এ ঘটনার সঙ্গে এমন কোনো সম্পর্ক নেই’
– ফরাসি সংবাদমাধ্যম ইনস্ট্যান্ট ফুটকে দেওয়া সাক্ষাৎকারে বেকা

এদিকে ক্লাবের পক্ষ থেকে এক বিবৃতিতে বলা হয়েছে, ‘শেষ পর্যন্ত সব কিছু ভালোভাবে শেষ হওয়ায় সবাই খুব স্বস্তি বোধ করছে।’

বঙ্গবন্ধু গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট চ্যাম্পিয়ন স্কুলকে সংর্বধনা দিলেন, হরিণাকুণ্ডু পৌরসভা

বঙ্গবন্ধু গোল্ডকাপ ফুটবল টুর্ণামেন্টের জেলা চ্যাম্পিয়ন হওয়ায় ঝিনাইদহের হরিণাকুণ্ডু পৌরসভার শুড়া সরকারী প্রাথমিক বিদ্যালয়ের খেলোয়াড়দের রাজসিক সংর্বধনা দিলেন হরিণাকুণ্ডু পৌরসভার মেয়র ফারুক হোসেন।

বুধবার (২৭সেপ্টেম্বর) সকালে বিদ্যালয় মাঠে সংর্বধনার আয়োজন করা হয়। আনুষ্ঠানে বিজয়ী খেলোয়াড়, কোচ ও প্রধান শিক্ষকের হাতে ফুলের তোড়া ও মিষ্টি দিয়ে বরণ করে নেন পৌরসভার মেয়র ফারুক হোসেন।

এসময় উপস্থিত ছিলেন বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ ইউসুফ আলী, দলের কোঁচ সহকারী শিক্ষক আব্দুস সামাদ আজাদ দিপু, সহকারী শিক্ষক নাজিম উদ্দীনসহ অন্যান্য শিক্ষকবৃন্দ। এছাড়াও পৌরসভার প্যানেল মেয়র সিদ্দিকুর রহমানসহ অন্যান্য কাউন্সিলরগণ উপস্থিত ছিলেন।

উল্লেখ গত ২৩ সেপ্টেম্বর ঝিনাইদহ বীরশ্রেষ্ঠ হামিদুর রহমান স্টেডিয়ামে ফাইনাল খেলায় কালীগঞ্জ উপজেলার মথনপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়কে ৩-০ গোলে হারিয়ে জেলার চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করেন।

বিশ্বকাপের ১০ দলের স্কোয়াড

ওয়ানডে ক্রিকেট বিশ্বকাপের বাকী মাত্র সাতদিন। ১০ দলের এই টুর্ণামেন্টের জন্য ৯ দল আগেই তাদের দল ঘোষণা করেছে। বাকি ছিল শুধু বাংলাদেশ। গতকাল একেবারেই শেষ মুহুর্তে দল ঘোষণা করল

বাংলাদেশ। তার আগে সারাদিন ধরে চলল নানান নাটকীয়তা। দেশ সেরা ব্যাটার তামিম ইকবাল দল নিয়ে দেখা গেছে মিশ্র প্রতিক্রিয়া। সামাজিক যোগাযোগ মাধ্যমে দেখা গেছে এই স্কোয়াড নিয়ে নাখোশ ক্রিকেটপ্রেমীরা। কিন্ত এখন আর কেউ ইনজুরি ছাড়া দল পরিবর্তনের সুযোগ নেই। দেখে নেওয়া যাক এবারের আসরের ১০ দলের স্কোয়াড।

বাংলাদেশ স্কোয়াড
সাকিব আল হাসান (অধিনায়ক), নাজমুল হোসেন শান্ত (সহ-অধিনায়ক), লিটন দাস, তানজিদ হাসান তামিম, তাওহিদ হৃদয়, মুশফিকুর রহিম, মাহমুদউল্লাহ রিয়াদ, মেহেদী হাসান মিরাজ, নাসুম আহমেদ, শেখ মেহেদী হাসান, তাসকিন আহমেদ, মোস্তাফিজুর রহমান, হাসান মাহমুদ, শরিফুল ইসলাম, তানজিম হাসান সাকিব।

ভারত স্কোয়াড
রোহিত শর্মা (অধিনায়ক), হার্দিক পান্ডিয়া (সহ-অধিনায়ক), শুবমান গিল, বিরাট কোহলি, শ্রেয়াস আইয়ার, লোকেশ রাহুল, ইশান কিশান, সূর্যকুমার যাদব, রবীন্দ্র জাদেজা, কুলদীপ যাদব, অক্ষর প্যাটেল, মোহাম্মদ সিরাজ, মোহাম্মদ শামি, শার্দুল ঠাকুর, জাসপ্রিত বুমরাহ।

শ্রীলঙ্কা স্কোয়াড
দাসুন শানাকা (অধিনায়ক), কুসল মেন্ডিস (সহ-অধিনায়ক), কুসল পেরেরা, পাথুম নিসাঙ্কা, দিমুথ করুনারত্নে, সাদিরা সামারাবিক্রমা, চারিথ আসালাঙ্কা, ধনাঞ্জয়া ডি সিলভা, দুশান হেমন্থ, দুনিথ ভেলালাগে, মাহিশ থিকশানা, কাসুন রাজিথা, মাথিশা পাথিরানা, লাহিরু কুমারা, দিলশান মাদুশাঙ্কা।

স্কোয়াডের সঙ্গে রিজার্ভ খেলোয়াড় : চামিকা করুনারত্নে।

পাকিস্তান স্কোয়াড
বাবর আজম (অধিনায়ক), ফখর জামান, ইমাম উল হক, আবদুল্লাহ শফিক, মোহাম্মদ রিজওয়ান, সৌদ শাকিল, ইফতিখার আহমেদ, আগা সালমান, শাদাব খান, উসামা মীর, মোহাম্মদ নওয়াজ, শাহিন শাহ আফ্রিদি, হারিস রউফ, মোহাম্মদ ওয়াসিম জুনিয়র, হাসান আলী।

স্কোয়াডের সঙ্গে রিজার্ভ খেলোয়াড়: মোহাম্মদ হারিস, আবরার আহমেদ, জামান খান।

অস্ট্রেলিয়া স্কোয়াড

প্যাট কামিন্স (অধিনায়ক), ডেভিড ওয়ার্নার, মিচেল মার্শ, ট্রাভিস হেড, স্টিভেন স্মিথ, মার্কাস স্টয়নিস, ক্যামেরন গ্রিন, অ্যালেক্স ক্যারি, জন ইংলিস, গ্লেন ম্যাক্সওয়েল, অ্যাশটন অ্যাগার, অ্যাডাম জ্যাম্পা, জশ হ্যাজেলউড, মিচেল স্টার্ক ও শন অ্যাবট।

ইংল্যান্ড স্কোয়াড
জস বাটলার (অধিনায়ক), মঈন আলী, গাস অ্যাটকিনসন, জনি বেয়ারস্টো, স্যাম কারান, লিয়াম লিভিংস্টোন, ডাভিড মালান, আদিল রশিদ, জো রুট, হ্যারি ব্রুক, বেন স্টোকস, রিস টপলি, ডেভিড উইলি, মার্ক উড, ক্রিস ওকস।

নিউজিল্যান্ড স্কোয়াড

কেইন উইলিয়ামসন (অধিনায়ক), ট্রেন্ট বোল্ট, মার্ক চাপম্যান, ডেভন কনওয়ে, লোকি ফার্গুসন, ম্যাট হেনরি, টম ল্যাথাম, ড্যারিল মিচেল, জিমি নিশাম, গ্লেন ফিলিপস, রাচিন রবীন্দ্র, মিচেল স্যান্টনার, ইশ সোধি, টিম সাউদি, উইল ইয়ং।

দক্ষিন আফ্রিকা স্কোয়াড
টেম্বা বাভুমা (অধিনায়ক), জেরাল্ড কোয়েটজি, কুইন্টন ডি কক, রেজা হেনড্রিকস, মার্কো ইয়ানসেন, হেইনরিখ ক্লাসেন, আন্দিল ফেলুকওয়ায়ো, কেশব মহারাজ, এইডেন মার্করাম, লুঙ্গি এনগিদি, ডেভিড মিলার, লিজাড উইলিয়ামস, কাগিসো রাবাদা, তাবরাইজ শামসি, রাসি ফন ডার ডুসেন।

আফগানিস্তান স্কোয়াড
হাশমতুল্লাহ শহিদি (অধিনায়ক), রহমানুল্লাহ গুরবাজ, ইব্রাহিম জাদরান, রিয়াজ হাসান, রহমত শাহ, নাজিবুল্লাহ জাদরান, মোহাম্মদ নবি, ইকরাম আলিখিল, আজমতুল্লাহ ওমরজাই, রশিদ খান, মুজিব উর রহমান, নুর আহমেদ, ফজলহক ফারুকি, আব্দুল রহমান ও নাভিন উল হক।

নেদারল্যান্ডস স্কোয়াড
স্কট এডওয়ার্ডস (অধিনায়ক), বিক্রমজিত সিং, কলিন অ্যাকারম্যান, শারিজ আহমেদ, ওয়েসলি বারেসি, লোগান ফন বিক, আরিয়ান দত্ত, সিব্র্যান্ড এঙ্গেলব্রেখট, রায়ান ক্লেইন, বাস ডি লিডি, পল ফন মিকেরেন, রোলফ ফন ডার মারওয়ে, তেজা নিদামানুরু, ম্যাক্স ও’ডাউড ও সাকিব জুলফিকার।

আগামী ৫ অক্টোবর পর্দা উঠবে ওয়ানডে ক্রিকেট বিশ্বকাপের ১৩তম

আসরের। এবারের বিশ্বকাপ এককভাবে আয়োজন করছে ভারত। ১০ দলের অংশগ্রহণে ১০ ভেন্যুতে ৪৬ দিনে অনুষ্ঠিত হবে ৪৮ ম্যাচ। আহমেদাবাদ, বেঙ্গালুরু, চেন্নাই, দিল্লি, ধর্মশালা, হায়দারাবাদ, কলকাতা, লখনউ, মুম্বাই ও পুনেতে ব্যাটে-বলে মুন্সিয়ানা দেখাবেন বিশ্বের নামীদামী ক্রিকেটাররা।

৫ অক্টোবর বিশ্বকাপের প্রথম ম্যাচে বর্তমান চ্যাম্পিয়ন ইংল্যান্ড ও রানার্সআপ নিউজিল্যান্ড মুখোমুখি হবে আহমেদাবাদে। একই ভেন্যুতে ফাইনাল হবে ১৯ নভেম্বর।

সূত্র: ইত্তেফাক

বৈঠক শেষে বিসিবি ছাড়লেন মাশরাফি

পুরোপুরি ফিট না হওয়ায় বিশ্বকাপে শর্ত সাপেক্ষ খেলতে চান তামিম ইকবাল। কিন্তু আনফিট খেলোয়াড়কে দলে রাখার পক্ষে নন অধিনায়ক সাকিব আল হাসান। বিশ্বকাপের দল ঘোষণার আগেই সাকিব-তামিমের দ্বন্দ্ব ভোগাচ্ছে বিসিবিকে।

সেই দ্বন্দ্ব মেটাতে বিসিবির সভাপতি নাজমুল হাসান পাপনের সঙ্গে বৈঠকে বসেন সাবেক অধিনায়ক মাশরাফি বিন মর্তুজা। মঙ্গলবার (২৬ সেপ্টেম্বর) দুপুরে বিসিবিতে প্রবেশ করার দেড়ঘণ্টা পর বেরিয়ে গেছেন মুর্তজা।

মাশরাফি বিসিবি ত্যাগ করলেও এখনও সেখানে রয়েছেন পাপন। জানা গিয়েছে, আজই বিশ্বকাপ দল ঘোষণা হবে। তার আগে নির্বাচক ও বোর্ড পরিচালকদের সঙ্গে শেষ সময়ের আলোচনা সারবেন বিসিবি প্রধান।

বিসিবি সূত্রের খবর, তামিমের এমন শর্তে রাজি নয় অধিনায়ক সাকিব। কাল রাতে বিসিবি সভাপতি নাজমুল হাসানের বাসায় হওয়া এক সভায় অধিনায়ক সাকিব এবং কোচ চন্ডিকা হাথুরুসিংহে বোর্ড সভাপতিকে জানিয়েছেন, বিশ্বকাপের মতো বড় আসরে তারা কোনো ‘আনফিট’ বা

‘অর্ধেক ফিট’ ক্রিকেটারকে দলে চান না। এমনকি তিনি যদি হন তামিম মতো অভিজ্ঞ কেউও।’

সূত্র: ইত্তেফাক

মাদ্রিদ ডার্বিতে বিধ্বস্ত রিয়াল

লা লিগায় ঘরের মাঠে রিয়াল মাদ্রিদকে ৩-১ গোলের ব্যবধানে হারিয়েছে অ্যাথলেটিকো মাদ্রিদ। টান পাঁচ ম্যাচ জয়ের পর ষষ্ঠ ম্যাচে এসে হোঁচট খেলো কার্লো আনচেলত্তির শিষ্যরা। মাদ্রিদ ডার্বিতে এসে হারের স্বাদ পেলো রিয়াল।

রোববার (২৪ সেপ্টেম্বর) দিবাগত রাতে ঘরের মাঠে শুরু থেকেই রিয়াল মাদ্রিদকে চাপে রেখেছিল আলভারো মোরাতা-অ্যান্তোনিও গ্রিজম্যানরা। তাতে ম্যাচের চতুর্থ মিনিটেই এগিয়ে যায় অ্যাথলেটিকো। সামুয়েল লিনোর ক্রসে হেড করে দলকে এগিয়ে নেন মোরাতা।

১১ মিনিটে গ্রিজমানের কর্নার থেকে হিমেনেজ গোল করার দারুণ এক সুযোগ নষ্ট করেন। এর সাত মিনিট পর নিজেই গোল করেন ফ্রেঞ্চ তারকা। লেফট উইং দিয়ে আক্রমণে উঠে বক্সে ক্রস দেন সাউল। তার ক্রসে হেড করে গোল করেন গ্রিজম্যান। তবে ৩৫ মিনিটে ক্রুস গোল করে একটি গোল পরিশোধ করেন। প্রথমার্ধে ২-১ গোলের পিছিয়ে থেকেই বিরতিতে যায় লস ব্লাঙ্কোস।

দ্বিতীয়ার্ধের শুরুতেই আবার রিয়ালের জালে বল পাঠায় অ্যাথলেটিকো। ম্যাচের ৪৬ মিনিটে সাউলের ক্রস থেকে ম্যাচে নিজের দ্বিতীয় গোল করেন মোরাতা। এরপর একাধিক আক্রমণ করেও গোল পেতে ব্যর্থ হয় রিয়াল মাদ্রিদ। শেষ পর্যন্ত আর কোন গোল না হলে ৩-১ গোলের ব্যবধানে হারে নিয়ে মাঠ ছাড়ে লস ব্লাঙ্কোরা।

সূত্র: ইত্তেফাক

বিপিএলের দশম আসরের প্লেয়ার্স ড্রাফট; কোন দলে কারা খেলবেন

বিপিএলের দশম আসরের প্লেয়ার্স ড্রাফট হয়ে গেল রোববার। ঢাকার একটি হোটেলে ড্রাফটের মাধ্যমে সাত ফ্র্যাঞ্চাইজি দল সাজিয়েছে। ড্রাফটের বড় খবর- বিসিবির ড্রাফট তালিকায় ‘এ’ শ্রেণিতে থাকা মুশফিকুর রহিমকে দলে নিয়েছে তামিম ইকবালের ফরচুন বরিশাল।

‘বি’ শ্রেণির ক্রিকেটার আফিফ হোসেন খেলবেন খুলনা টাইগার্সে। একই শ্রেণির ক্রিকেটার রনি তালুকদার খেলবেন রংপুর রাইডার্সের হয়ে। গতবারের চ্যাম্পিয়ন কুমিল্লা ভিক্টোরিয়ান্স ড্রাফট থেকে দলে ভিড়িয়েছে ইমরুল কায়েসকে।

তবে ড্রাফট থেকে দল না পাওয়া ক্রিকেটারদের মধ্যে আলোচিত নাম মুমিনুল হক ও সাব্বির রহমান।

দেখে নেওয়া যাক ড্রাফটের পর কেমন হলো বিপিএলের সাত দল।

কুমিল্লা ভিক্টোরিয়ান্স

ধরে রাখা ও সরাসরি চুক্তি: লিটন দাস, মোস্তাফিজুর রহমান, তানভীর ইসলাম, মোহাম্মদ রিজওয়ান, সুনীল নারাইন, তাওহিদ হৃদয়, মঈন আলী, আন্দ্রে রাসেল, ইফতিখার আহমেদ, জামান খান, খুশদিল শাহ, জনসন চার্লস, নুর আহমেদ, নাসিম শাহ, রশিদ খান।
ড্রাফট থেকে: মৃত্যুঞ্জয় চৌধুরী, জাকের আলী, মাহিদুল ইসলাম, রিশাদ হোসেন, রাকিম কর্নওয়াল, ম্যাথু ওয়াল্টার ফোর্ড, ইমরুল কায়েস, মুশফিক হাসান, এনামুল হক।

দুর্দান্ত ঢাকা

ধরে রাখা ও সরাসরি চুক্তি: তাসকিন আহমেদ, আরাফাত সানি, শরীফুল ইসলাম, মোসাদ্দেক হোসেন, চতুরঙ্গা ডি সিলভা, সায়েম আইয়ুব, উসমান কাদির।

ড্রাফট থেকে: সাইফ হাসান, ইফরান শুক্কুর, আলাউদ্দিন বাবু, মেহরাব

হোসেন, লাহিরু সামারাকুন, সাদিরা সামারাবিক্রমা, মোহাম্মদ নাঈম, সাব্বির হোসেন, জসিমউদ্দিন।

চট্টগ্রাম চ্যালেঞ্জার্স

ধরে রাখা ও সরাসরি চুক্তি: শুভাগত হোম, জিয়াউর রহমান, নিহাদউজ্জামান, শহীদুল ইসলাম, মোহাম্মদ হারিস, নাজিবউল্লাহ জাদরান, মোহাম্মদ হাসনাইন, স্টিভ এসকিনাজি।

ড্রাফট থেকে: তানজিদ হাসান, আল আমিন হোসেন, সৈকত আলী, ইমরানুজ্জামান, কার্টিস ক্যাম্ফার, বিলাল খান, শাহাদাত হোসেন, সালাউদ্দিন শাকিল।

খুলনা টাইগার্স

ধরে রাখা ও সরাসরি চুক্তি: নাসুম আহমেদ, নাহিদুল ইসলাম, মাহমুদুল হাসান, এনামুল হক, এভিন লুইস, ফাহিম আশরাফ, ধনাঞ্জয়া ডি সিলভা, শাই হোপ, মোহাম্মদ ওয়াসিম জুনিয়র।

ড্রাফট থেকে: আফিফ হোসেন, রুবেল হোসেন, পারভেজ হোসেন, হাবিবুর রহমান, কাসুন রাজিতা, দাসুন শানাকা, মুকিদুল ইসলাম, আকবর আলী, সুমন খান।

রংপুর রাইডার্স

ধরে রাখা ও সরাসরি চুক্তি: নুরুল হাসান সোহান, শেখ মাহেদী হাসান, হাসান মাহমুদ, আজমাতউল্লাহ ওমরজাই, নিকলাস পুরান, সাকিব আল হাসান, বাবর আজম, এহসানউল্লাহ, মাথিশা পাথিরানা, ব্রেন্ডন কিং, ওয়ানিন্দু হাসারাঙ্গা।

ড্রাফট থেকে: রনি তালুকদার, শামীম হোসেন, রিপন মণ্ডল, হাসান মুরাদ, মিশেল রিপন, ইয়াসির মোহাম্মদ, আবু হায়দার, ফজলে রাব্বি, আশিকুজ্জামান।

ফরচুন বরিশাল

ধরে রাখা ও সরাসরি চুক্তি: মাহমুদউল্লাহ, মেহেদী হাসান মিরাজ, খালেদ আহমেদ, ইব্রাহিম জাদরান, তামিম ইকবাল, শোয়েব মালিক, পল স্টার্লিং, ফখর জামান, মোহাম্মদ আমির, আব্বাস আফ্রিদি, দুনিত ভেল্লালাগে।

ড্রাফট থেকে: মুশফিকুর রহিম, রকিবুল হাসান, মোহাম্মদ সাইফউদ্দিন, সৌম্য সরকার, ইয়ানিক ক্যারিয়াহ, কামরুল ইসলাম, প্রিতম কুমার, তাইজুল ইসলাম, প্রান্তিক নওরোজ, দিনেশ চান্দিমাল।

সিলেট স্ট্রাইকার্স

ধরে রাখা ও সরাসরি চুক্তি: মাশরাফি বিন মুর্তজা, জাকির হাসান, তানজিম হাসান, নাজমুল হোসেন, রায়ান বার্ল, বেন কাটিং, হ্যারি টেক্টর।
ড্রাফট থেকে: মোহাম্মদ মিঠুন, রেজাউর রহমান, আরিফুল হক, ইয়াসির আলী, রিচার্ড এনগারাভা, দুশান হেমন্ত, নাজমুল ইসলাম, শফিকুল ইসলাম, নাঈম ইসলাম, জাওয়াদ রোয়েন, সালমান হোসেন।